

অফিস আদেশ

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ইটনা, কিশোরগঞ্জ এর ইনোভেশন টিম নিম্ন রূপভাবে পুনর্গঠন করা হলো। টিমের ওপর অর্পিত সকল দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো।


ক্র. নং	নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১	রাজীব চন্দ্র দাস, উপজেলা মৎস্য কর্মকর্তা	চিফ ইনোভেশন অফিসার
২	অখিল চন্দ্র দাস, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	সদস্য সচিব

২। ইনোভেশন টিমের কার্যপরিধিঃ

- স্থায়ী কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনয়ন।
- এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা;
- প্রতি বছর ৩১ জানুয়ারি মধ্যে পূর্ববর্তী একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ এবং স্থায়ী ওয়েবসাইটে প্রকাশ করা;

৩। চিফ ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:


- অত্র কার্যালয়ে ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- পরিবর্তনের রূপকার হিসেবে স্থায়ী কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মসম্পূর্ণতার বিকাশ সাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- নাগরিকসেবা সহজীকরণ (Service Process Simplification)- এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- স্থায়ী কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- স্থায়ী কার্যালয়ের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করে প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action- এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- স্থায়ী কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন;
- তথ্য অধিকার আইন অনুসারে স্থায়ী কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয় সাধন;


২২/০৯/২৩

রাজীব চন্দ্র দাস

উপজেলা মৎস্য কর্মকর্তা

ইটনা, কিশোরগঞ্জ।


২২/০৯/২৩

অ:পূ:২ প্র:

পত্র নং-৩৩.০২.৪৮৩৩.৫০১.৩৬.০০১.২৩-১০৯ /১(৩)

তারিখ:- ১২.০৯.২০২৩খ্রি.


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।


২। জেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ।


৩। জনাব.....।


৪। অফিস কপি।


০২/০৯/২০২৩

উপজেলা মৎস্য কর্মকর্তা

 ইটনা, কিশোরগঞ্জ।
০২/০৯/২৩


উপপরিচালক


উপজেলা মৎস্য কর্মকর্তা